

৩ থেকে ৭ বছর বয়স পর্যন্ত কী কী শেখাতে হবে (বুনিয়াদী পাঠ)

প্রথম ধাপে শেখাতে হবে

বাংলা ৬ পাতা (গোলাপি বইয়ের পৃ ৭ থেকে ১২)				অঙ্ক ৮ পাতা (গোলাপি বইয়ের পৃ ১৩ থেকে ২০)			
বাংলা ছড়া বলা	সবকটা বাংলা বর্ণ পরপর বলতে পারা	এলোমেলো লেখা বাংলা বর্ণ চিনে বলা	বাংলা বর্ণগুলো লিখতে পারা	১০ পর্যন্ত সংখ্যা পরপর বলতে পারা	এলোমেলো লেখা ১০ পর্যন্ত সংখ্যা চিনে বলা	কাঠি গুনে সংখ্যাটা বলা	১০ পর্যন্ত সংখ্যা লিখতে পারা
১	২	৩	৪	৫	৬	৭	৮

দ্বিতীয় ধাপে শেখাতে হবে

বাংলা ১১ পাতা (গোলাপি বইয়ের পৃ ২২ থেকে ৩২)			ইংরেজি ৫ পাতা (গোলাপি বইয়ের পৃ ৩৩ থেকে ৩৭)			অঙ্ক ৮ পাতা (গোলাপি বইয়ের পৃ ৩৮ থেকে ৪৫)			
বাংলা বর্ণ পাশাপাশি সাজিয়ে শব্দ পড়া	কার-চিহ্ন দিয়ে বাংলা শব্দ পড়া	বাংলা বাক্য (কার-চিহ্ন সহ) বানান করে টানা পড়া	সবকটা ইংরেজি বর্ণ পরপর বলতে পারা	এলোমেলো লেখা ইংরেজি বর্ণ (ছোট ও বড় হাতের) চিনে বলা	ইংরেজি বর্ণগুলো (ছোট ও বড় হাতের) লেখা	২০ পর্যন্ত সংখ্যা পরপর বলতে পারা	এলোমেলো লেখা ২০ পর্যন্ত সংখ্যা চিনে বলা	কর গুনতে শেখা – ২০ পর্যন্ত সংখ্যা কর গুনতে পারা	২০ পর্যন্ত সংখ্যার সহজ যোগ- কাঠি গুনে, কর গুনে ও স্নেটে লিখে
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

তৃতীয় ধাপে শেখাতে হবে

বাংলা ২১ পাতা (লাল বইয়ের পৃ ৫ থেকে ২৫)			ইংরেজি ৮ পাতা (লাল বইয়ের পৃ ২৬ থেকে ৩৩)			অঙ্ক ১৪ পাতা (লাল বইয়ের পৃ ৩৪ থেকে ৪৭)			
হসন্ত, রেফ, ও -ফলা চিহ্ন দিয়ে শব্দ পড়া ও লেখা	বানান করে পুরো বাক্য টানা পড়া	অন্যান্য যুক্তবর্ণের শব্দ চেনা, পড়া ও লেখা	ইংরেজি শব্দে ব্যঞ্জনবর্ণের যুক্ত উচ্চারণ করা	ইংরেজি শব্দে স্বরবর্ণের হ্রস্ব উচ্চারণ করা	ইংরেজি শব্দে স্বরবর্ণের দীর্ঘ উচ্চারণ করা	২০ পর্যন্ত সংখ্যার সহজ বিয়োগ – কাঠি গুনে, কর গুনে ও স্নেটে লিখে	দশ দশ করে ১০০ পর্যন্ত সংখ্যা বোঝা ও বলা	এলোমেলো লেখা ১০০ পর্যন্ত সংখ্যা চিনে বলা	১০০ পর্যন্ত সংখ্যা লেখা। সংখ্যার দশের ঘর ও একের ঘর চেনা।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

চতুর্থ ধাপে শেখাতে হবে

বাংলা ১৯ পাতা (লাল বইয়ের পৃ ৪৯ থেকে ৬৭)			ইংরেজি ৯ পাতা (লাল বইয়ের পৃ ৬৮ থেকে ৭৬)			অঙ্ক ৬ পাতা (লাল বইয়ের পৃ ৭৭ থেকে ৮২)		
ছড়া পড়া – বানান না করে টানা পড়া	ঠিকভাবে পেনসিল ধরে টানা হাতে বাংলা লেখা	বানান না করে গদ্য পড়া – অর্থ বুঝে বাক্য পড়া	গদ্য পড়ে মানে বলা। প্রশ্ন ও উত্তর করা।	কয়েকটা সাধারণ ইংরেজি শব্দ জানা, পড়া, বলা	টানা হাতে ইংরেজি লেখা	১০০ পর্যন্ত সংখ্যা নিয়ে অনুশীলন (বইয়ের পাঠ ৪.৬)	১০০ পর্যন্ত সংখ্যার সহজ যোগ করা – কাগজ পেনসিলে লিখে	১০০ পর্যন্ত সংখ্যার সহজ বিয়োগ করা – কাগজ পেনসিলে লিখে
1	2	3	4	5	6	7	8	9

৩ থেকে ৭ হল ৪ বছর সময়। একেবারে কচিকাঁচাদের ছটফট না করে এক জায়গায় বসতে শেখা, অল্প অল্প করে শুরু করা, খেলাধুলা, ছবি আঁকা, ছড়া বলা, মাঝেমধ্যে পড়তে না-আসা, ইত্যাদি সবার জন্য এই ৪ বছর সময় রাখা। কিন্তু ৬-৭ বছর বা আরও বড় বয়সের শিশুকে এই চারটি ধাপ ৬-১২ মাসেই শিখিয়ে দেওয়া সম্ভব। এই কথা মাথায় রেখেই এই বুনিয়াদী পাঠগুলো সাজানো হয়েছে। বড় শিশুরা কিছু কিছু ইতোমধ্যেই শিখেছে। তাই এদের কাকে কোন্ ধাপের কোন্ পাঠ থেকে শেখাতে হবে তা আগে দেখে নিতে হবে।

* শিশুদের কোনও কিছু বোঝানোর সময় যার যার মাতৃভাষায় বোঝানো অনেক বেশি কার্যকর হতে দেখা যায়।